রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারী ৮, ১৯৯৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক)

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫শে মাঘ ১৪০২ বাং/৭ই ফেব্রুয়ারী ১৯৯৬ ইং

এস, আর, ও নং ২২-আইন/৯৬/১৬৫৪/শুল্ক—Customs Act, 1969 (IV of 1969) এর section 19 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে অত্র বিভাগের ২০শে চৈত্র, ১৪০১ বাংলা মোতাবেক ৩রা এপ্রিল, ১৯৯৫ ইংরেজী তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও, নং ৪৮-আইন/৯৫/১৫৯১/শুল্ক রহিত করিয়া উক্ত Act এর FIRST SCHEDULE এ উল্লিখিত column (1) এর Heading No. 94·06 এর বিপরীতে column (2) এর H. S. Code সমূহের আওতাধীন কলাম (3)তে বর্ণিত pre-fabricated Buildings এর উপর আরোপণীয় আমদানি শুল্কের যে পরিমাণ শুল্ক মূল্য ভিত্তিক ১৫% এর অতিরিক্ত হয় সেই পরিমাণ শুল্ক নিম্নবর্ণিত শর্তে মওকুফ করিল, যথা:—

(১) অত্র বিভাগের ৭ই পৌষ, ১৪০২ বাং মোতাবেক ২১শে ডিসেম্বর, ১৯৯৫ ইং তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও ২২৭-আইন/৯৫/১৬৪৯/শুল্ক এবং ৭ই পৌষ, ১৪০২ বাং মোতাবেক ২১শে ডিসেম্বর, ১৯৯৫ ইং তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও ২২৮-আইন/৯৫/১৬৫০/শুল্ক এর আওতায় মূলধনী যন্ত্রপাতি আমদানির সমসাময়িককালে (মূলধনী যন্ত্রপাতির আমদানির ছয় মাস পূর্বে বা পরে) সংশ্লিষ্ট pre-fabricated Buildings আমদানিকৃত হইতে হইবে;



মূল্য : টাকা ১·০০

(২) সংশ্লিষ্ট pre-fabricated buildings আমদানির সময় আমদানিকারক সংশ্লিষ্ট শুল্ক স্টেশনের দায়িত্ব প্রাপ্ত কমিশনার অব কাস্টমস, অথবা ক্ষেত্রমত, অতিরিক্ত/যুগ্ম/উপ/সহকারী কমিশনার অব কাস্টমস, অতঃপর কমিশনার অব কাস্টমস বলিয়া উল্লিখিত, এর নিকট মওকুফকৃত শুল্কের জন্য কমিশনার অব কাস্টমস কর্তৃক নির্ধারিত ফরমে নিঃশর্ত ব্যাংক গ্যারান্টি প্রদান করিবেন;

(৩) সংশ্লিষ্ট pre-fabricated buildings খালাসের ছয় মাসের মধ্যে উহা সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানের কারখানা ঘর হিসাবে স্থাপিত হইয়াছে মর্মে সংশ্লিষ্ট এলাকার এক্তিয়ার সম্পন্ন সহকারী/ডেপুটি কমিশনার কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র সংশ্লিষ্ট শুল্ক স্টেশনের দায়িত্বপ্রাপ্ত কমিশনার অব কাস্টমস সমীপে দাখিল করিলে উক্ত ব্যাংক গ্যারান্টি ফেরত দেওয়া হইবে;

(৪) উক্তরূপে আমদানিকৃত ও খালাসকৃত pre-fabricated buildings দ্বারা কারখানা ঘর স্থাপনে ব্যর্থ হইলে উক্ত ব্যাংক গ্যারান্টি কোনরূপ যোগাযোগ ব্যতিরেকেই নগদায়ন করা হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**ডঃ সা'দত হুসাইন**

**সচিব।**

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আতোয়ার রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।